# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-এলজিইডি/এসই(প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/(GAD)/জি-০১/২০১২(অংশ-১)/ ২১৫ তারিখ: ৩১/০৮/২০১৭ ইং

বিষয় : এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৩৯তম সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরাম এর ৩৯তম সভা গত ২৯ আগষ্ট ২০১৭ইং, বিকাল ৩:০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট উপস্থিতি অত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-০১)।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ২। জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে উপস্থাপন। | পল্লী উন্নয়ন সেক্টর ও নগর উন্নয়ন সেক্টরের দাখিলকৃত জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২০ মেয়াদের বিষয়টি সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম সভায় উপস্থাপন করলে এ বিষয়ে পুনরায় বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে জেন্ডার সমতা বিষয়ক সকল কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>অতঃপর আজকের সভায় প্রণীত কর্মপরিকল্পনার নির্দেশক, সময়কাল এবং দায়িত্ব বন্টনের বিষয়গুলো উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলে সভাপতি মহোদয়ের অনুরোধে জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II পল্লী উন্নয়ন সেক্টরের কর্মপরিকল্পনার নির্দেশক, সময়কাল এবং দায়িত্ব সংক্রান্ত বিষয়গুলি উপস্থাপন করেন এবং সভার মতামতের প্রেক্ষিতে সেগুলি সংশোধন করার জন্য তাঁকে অনুরোধ জানানো হয়। পল্লী উন্নয়ন সেক্টরের আদলে অন্যান্য কর্মপরিকল্পনারও নির্দেশক, সময়কাল এবং দায়িত্ব বন্টন সংশ্লিষ্ট সকলকে বসে ঠিক করে নেয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন। অতঃপর আগামী ১৫/০৯/২০১৭ইং এর মধ্যে সেক্টর ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে ই-মেইল যোগে কর্মপরিকল্পনা জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি বরাবর প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান।<br><br>পরবর্তীতে সার্বিকভাবে কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের কাজটি প্রকল্প পরিচালক, সিআরডিপি'কে প্রদান করা হয় এবং আগামী ২২/০৯/২০১৭ইং এর মধ্যে তাঁকে কর্মপরিকল্পনা রিভিউ ও প্রয়োজনীয় যাচাই-বাছাই সম্পন্ন করে তা মুদ্রন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি প্রধান প্রকৌশলী মহোদয়ের বাণী, ভূমিকা ও প্রচ্ছদসহ কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের জন্য সময় প্রদানের বিষয়টি উল্লেখ করেন। এমতাবস্থায়, সভাপতি মহোদয় আগামী ৩০/০৯/২০১৭ইং এর মধ্যে তা চূড়ান্তপূর্বক মুদ্রনের জন্য Press এ প্রেরণের অনুরোধ জানান। তবে Press এ প্রেরণের পূর্বে সেক্টর ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে পুনরায় পঠনের জন্য পরামর্শ দেন যাতে করে আগামী ১৫/১০/২০১৭ইং এর মধ্যে এলজিইডি'র "জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা:২০১৬-২০২১" পুস্তক আকারে বাঁধাই কাজ সম্পন্ন হয়। এখানে উল্লেখ্য যে, কর্মপরিকল্পনা বাঁধাই কাজ পর্যন্ত প্রকল্প পরিচালক, সিআরডিপি'কে বিভিন্ন পর্যায়ে সহায়তা প্রদান করার জন্য সেক্টর ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জেন্ডার বিশেষজ্ঞগণকে অনুরোধ জানান হয়। | প্রকল্প পরিচালক, নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প।<br>জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II।<br>সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম।<br>জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি।<br>জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি।<br>জেন্ডার অ্যাডভাইজার, এইচআইএলআইপি।<br>জেন্ডার বিশেষজ্ঞ, ইউজিআইআইপি-III।<br>মিডিয়া কনসালটেন্ট, আরটিআইপি-II। |

| | | |
|---|---|---|
| ৩। বাস্তবায়ন নির্দেশিকা প্রস্তুতকরণ। | সভায় সভাপতি মহোদয় বলেন, জেন্ডার বিষয়ক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন ছক পূরণে এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হিসাবে "বাস্তবায়ন নির্দেশিকা" থাকা দরকার। সে প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) গুরুত্বপূর্ণ বিষয়গুলির একটা গাইড লাইন থাকতে পারে মত প্রদান করেন। সভাপতি মহোদয় প্রকল্প পর্যায়ে কোন নির্দেশিকা আছে কিনা তাহে জানতে [illegible] উপস্থিত সকলে নেই বলে জানান।<br><br>তৎপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, এলজিইডি থেকে একটি সুনির্দিষ্ট বাস্তবায়ন নির্দেশিকা প্রস্তুত হলে সকল প্রকল্পের জন্য এটি অনুসরণীয় হবে এবং পাশাপাশি এটি একটা গাইড লাইন ও ট্রেনিং ম্যানুয়েল এর অংশ বিশেষ হিসেবে ব্যবহৃত হবে। এমতাবস্থায় সভাপতি মহোদয় বাস্তবায়ন নির্দেশিকার জন্য একটি TOR তৈরীর প্রয়োজনীয়তা উল্লেখ করে সেক্টর ভিত্তিক সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর নেতৃত্বে একটি ওয়ার্কিং গ্রুপ এক্ষেত্রে কাজ করার পরামর্শ প্রদান করেন। পল্লী, নগর এবং পানি সম্পদ উন্নয়ন সেক্টরের জন্য যথাক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন); তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-ওএন্ডএম)'কে সহায়তা করবেন জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II; সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি এবং জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি। এ ছাড়াও সার্বিক সেক্টরকে সহায়তা করবেন সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম।<br><br>অতঃপর বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়নে জেন্ডার বিশেষজ্ঞ নিয়োগ করার পাশাপাশি অর্থায়নের বিষয়ে সহযোগিতা করতে প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি'কে অনুরোধ জানানো হলে প্রকল্পটির শেষ পর্যায়ে থাকায় তিনি সবিনয়ে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়নে HILIP/SSSWRDP প্রকল্প থেকে আর্থিক বিষয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়ার্কিং গ্রুপ কর্তৃক আগামী ৩১/১০/২০১৭ইং তারিখের মধ্যে TOR তৈরী সম্পন্ন করে ৩০/১১/২০১৭ইং তারিখের মধ্যে বিশেষজ্ঞ নিয়োগপূর্বক "বাস্তবায়ন নির্দেশিকা" প্রণয়ন সম্পন্ন করে মার্চ/২০১৮ইং এ প্রকাশনার নির্দেশনা সভাপতি মহোদয় প্রদান করেন। বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়নে জেন্ডার ও উন্নয়ন ফোরামের কর্মকর্তাগণ নিয়মিত মনিটরিং করবেন এবং এ সংক্রান্ত অগ্রগতি জেন্ডার ও উন্নয়ন ফোরামের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌ[illegible] ও মূল্যায়ন)।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশ[illegible] ব্যবস্থাপনা)।<br>[illegible] (আইডব্লিউআরএম-ওএন্ডএম)<br>জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II<br>সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম।<br>জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি।<br>জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি। |
| ৪। তথ্য/উপাত্ত সংগ্রহ ও বাস্তবায়ন সংক্রান্ত। | সভায় সভাপতি মহোদয় বলেন, তথ্য/উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলাপ করে একটি Standing Working Group করতে হবে। তথ্য/উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে বিশদ আলোচনা করা হয়। অতঃপর পল্লী এবং পানি সম্পদ উন্নয়ন সেক্টর এর ক্ষেত্রে তথ্য/উপাত্ত জেলার নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে সংশ্লিষ্ট সেক্টরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট আসবে এবং নগর সেক্টরের ক্ষেত্রে পৌরসভার ডিডি'র কাছ থেকে তথ্য/উপাত্ত সংগ্রহ করে মেয়রের স্বাক্ষরে প্রকল্প পরিচালকের মাধ্যমে নগর সেক্টরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট আসবে। অতঃপর তিন সেক্টরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তা জেন্ডার ও উন্নয়ন ফোরামে পাঠাবে। তিন সেক্টরের তথ্য/উপাত্ত একত্রিত ও যাচাই-বাছাই করে ফোরাম কর্তৃক এলজিইডি'র বার্ষিক জেন্ডার প্রতিবেদন তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। এ কাজের TOR নির্ধারণ করে মাননীয় প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে একটি আদেশ জারী করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ৫। জেন্ডার ও উন্নয়ন ফোরামের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত। | এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের কর্মকাণ্ড সম্পর্কে নিয়মিত প্রতিমাসে প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর রিপোর্ট প্রদান করতে হবে। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।